

Ramakrishna Vivekananda Mission Vidyabhawan (HS)
Question Paper for Pre – Test 2020

Class – XII

Subject – Bengali

FM-40

Time:1 hour 30 minutes

বিভাগ - ক

১। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ---

৫x ১

১.১ ‘মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয়’ - মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয় কেন ? এই শোচনীয় অবস্থার পরিচয় দাও ।

৩+২

১.২ ‘সে কখনো করে না বঞ্চনা’ --- কে কেন বঞ্চনা করে না ?

১+ ৪

২। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও --- ৫x১

২.১ ‘থিয়েটারের দেওয়ালে দেওয়ালে অঙ্গরের গভীর কালো অক্ষরে লেখা আমার জীবনের পঁয়তাল্লিশটা বছর’ বক্তার পঁয়তাল্লিশ বছরের জীবনযন্ত্রণার ইতিহাসের পরিচয় দাও ।

৫

২.২ ‘আমাদের মনে হয় এর নাম হওয়া উচিত ‘অভাব’ নাটক’ --- অভাবের চিত্র ‘বিভাব’ নাটকে কীভাবে প্রকাশ পেয়েছে লেখ ।

৫

৩। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ---

৫ x১

৩.১ ‘পাতায় পাতায় জয় / জয়োসবের ভোজ বানাত কারা ?’ -- পাতায় পাতায় কাদের জয় লেখা ? জয়োসবের ভোজ যারা বানাত তাদের প্রতি কবির কী মনোভাব প্রকাশ পেয়েছে ?

২+৩

৩.২ ‘চোখের জলটা তাদের জন্য’ --- বক্তা কাদের জন্য চোখের জল উৎসর্গ করেছেন ? যে ঘটনায় বক্তার চোখে জল এসেছিল সেই ঘটনাটি সংক্ষেপে বল ।

২+৩

৪। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ---

৫x১

৪.১ ‘তোমরা হাত বাড়াও তাকে সাহায্য করো’ --- লেখক কাকে কীভাবে কেন সাহায্য করতে বলেছেন? ১+২+২

৪.২ ‘এদিকে আর এক রকমের প্রথা আছে - নানকার প্রথা’ --- ‘নানকার প্রথা কী ? কীভাবে এ প্রথার অবসান ঘটেছিল ?

২+৩

৫। অনধিক ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের প্রশ্নের উত্তর দাও ---

৫ x১

৫.১ ভাষাবিজ্ঞানের ধারাকে প্রধানত কয়টি ভাগে ভাগ করা যায় ও কী কী ? ভাষাবিজ্ঞানের ধারায় বর্ণনামূলক ভাষাবিজ্ঞান সম্পর্কে আলোচনা কর ।

২+৩

৫.১ বাংলার যে কোনো দুটি লোকসংগীতের ধারার নাম লেখো । যে কোনো একটি ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।

১+৪

বিভাগ খ

- ১। সঠিক বিকল্পটি নির্বাচন কর --- $১x৮=৮$
- ১.১ 'আমি না খেলে উনিও খাবেন না' --- 'উনি' হলেন ---
ক) নিখিল খ) মৃত্যুঞ্জয়
গ) টুনু ঘ) টুনুর মা
- ১.২ 'তাই বলি' --- কবি কী বলেন ?
ক) সবুজ কেটো না খ) গাছ তুলে আনো
গ) গাছে জল দাও ঘ) আকাশের দিকে তাকাও
- ১.৩ গল্পে যে বাদলার প্রসঙ্গ আছে তা কোনদিন লেগেছিল ?
ক) সোমবার খ) বুধবার
গ) রবিবার ঘ) মঙ্গল
- ১.৪ রূপনারানের কূলে কবি জেগে উঠে ভালোবাসলেন ---
ক) জগৎকে খ) আপনাকে
গ) সত্যকে ঘ) কঠিনকে
- ১.৫ 'পৃথিবীতে সবচেয়ে পপুলার জিনিস হচ্ছে প্রেম' --- উক্তিটি করেছেন ---
ক) অমর খ) বউদি
গ) শম্ভু ঘ) নাট্যকার

অথবা

'রাজনীতি বড় কুট' --- কথাটি বলেছিলেন

- ক) রজনী খ) মহম্মদ
খ) কালীনাথ ঘ) কিং লিয়ার

১.৬ আলেকজান্ডার জয় করেছিলেন ---

- ক) জাপান খ) শ্রীলঙ্কা
খ) ভারত ঘ) ব্রহ্মদেশ

অথবা

'উনি রীতিমত হতভম্ব' --- উনি হলেন

- ক) গুরু নানক খ) বলী কাকারী
গ) লেখকের মা ঘ) মর্দানা

১.৭ ঋত্বিক ঘটকের প্রথম ছবি

- ক) মেঘে ঢাকা তারা খ) অযান্ত্রিক
গ) ছিন্নমূল ঘ) নাগরিক

১.৮ যেসব প্রক্রিয়া বাক্যের চেহারা বদলে দেয় তাকে বলে ---

- ক) সংবর্তন খ) সঞ্জনন
গ) ব্যাকরণ ঘ) পূর্বোক্ত কোনটিই নয়

২। অনধিক ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ---

১ x ৭

২.১ 'নির্ধাত মরে গেছে বুড়িটা' ---- কে বলেছিল ?

২.২ 'জেগে উঠিলাম' --- কবি কোথায় জেগে উঠলেন ?

২.৩ আইজেনস্টাইন কে ?

অথবা

'নানা রঙের দিন' নাটকের শুরুতে মঞ্চের মাঝখানে কী ওলটানো ছিল ?

২.৪ 'খরচ মেটাত কে ?' --- কীসের খরচ ?

অথবা

'অমনি আমি বলে উঠি' --- গল্পকথক কী বলে উঠেছিল ?

২.৫ লাঙ কী ?

২.৬ সঞ্জননী ব্যাকরণ কাকে বলে?

২.৭ 'বহুদিন জঙ্গলে কাটেনি দিন' - বহুদিন জঙ্গলে দিন না কাটার কারণ কী ?
